

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫০৯

আগরতলা, ১৬ জুলাই, ২০২১

আজ নয়াদিল্লিতে আবাসন ও নগরোন্নয়ন সহ বিভিন্ন  
মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রীদের সাথে মুখ্যমন্ত্রীর বৈঠক

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ নয়াদিল্লিতে আবাসন, নগরোন্নয়ন এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী এবং ডোনার মন্ত্রী জি কিষণ রেড্ডির সাথে দেখা করেন এবং রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প ও বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। আলোচনাকালে উভয় কেন্দ্রীয় মন্ত্রী তাঁদের সম্পূর্ণ সহায়তার আশ্বাস দেন।

আবাসন ও নগরোন্নয়ন/নগর বিষয়ক দপ্তরের মন্ত্রীর সাথে আলোচনাকালে মুখ্যমন্ত্রী স্মার্ট সিটি মিশনের আওতারয় ৫০:৫০-এর পরিবর্তে ৯০:১০ অনুপাতে কেন্দ্রীয় রাজ্য বিনিয়োগের ব্যবস্থা করতে অনুরোধ জানান। তিনি বলেন, এতে স্মার্ট সিটি প্রকল্প রূপায়ণ ত্বরান্বিত হবে। তিনি ভারত-বাংলাদেশ সীমান্তে আখাউড়া চেকপোস্টে সিউয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট-এর জন্য অর্থ প্রদান করার দাবি করেন।

ডোনার মন্ত্রীর সাথে বৈঠকে মুখ্যমন্ত্রী বিভিন্ন অর্ধসমাপ্ত এন এল সি পি আর প্রকল্পের বাকি অর্থ প্রদানের বিষয় উত্থাপন করেন। তারমধ্যে রয়েছে সিপাহীজলা জেলায় জেলা প্রশাসন কমপ্লেক্স নির্মাণ। যার জন্য ৮.২১ কোটি টাকা প্রদানের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। খোয়াই জেলা প্রশাসন কমপ্লেক্স নির্মাণের জন্য ৮.১৪ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছে। সূর্যমনিগরে ট্রান্সমিশন প্রকল্পে (ফেস- ১) ৪০০ কেভি সাব-স্টেশন নির্মাণের জন্য ১.৯৬ কোটি টাকা প্রদানের প্রস্তাব পাঠানো হয়েছে। তাছাড়া এন ই এস আই ডি এস প্রকল্পের আওতায় অমরপুরের ফটিকসাগর থেকে ছবিমুড়া এবং ইকো-ট্যুরিজম সেন্টারে যাওয়ার জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য ১৩.২৮ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছে। এন ই এস আই ডি এস-এর আওতায় রয়েছে গন্ডাছড়া-রইস্যাবাড়ি সড়কের ১৮.৩০ কিমি থেকে নারিকেলকুঞ্জ পর্যন্ত ৮.০০ কিমি সড়কের উন্নয়ন যাতে ধলাই, উত্তর ত্রিপুরা ও উনকোটি জেলা থেকে পর্যটকরা সহজেই নারিকেলকুঞ্জে যেতে পারেন। এজন্য ১৩.০৯ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছে ডোনার মন্ত্রকের কাছে। মুখ্যমন্ত্রী এসব প্রকল্পের বকেয়া টাকা প্রদান করার অনুরোধ করেন।

\*\*\*\*\*